

এই আমি চাই যে

- দুর্বা কর

আকাশ জুড়ে সোনা রোদ
শরতের আকাশ
সকালবেলা হিমের পরশ
শারদী বাতাস ॥

এই শরতে জগৎ জোড়া
মায়ের আরাধনা
মাতৃরূপে শক্তি পূজা
মনের বাসনা ॥

নতুন জামা নতুন জুতো
এই পূজোতে চাই
বায়না ধরে আহলাদিনি
তার সাথে তার ভাই ॥

অনেক মানুষ পৃথিবীতে
আছে অনেক কষ্টে
তাদের জন্য সুখ এনো
এই আমি চাই যে ॥

পূজো এলো সবার তরে
সবাই ভাসুক ছন্দে
তোমার ছোঁয়া আজও জাগে
কাশ শিউলির গন্ধে ॥